

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাউখালী, গিরোজপুর  
unokawkhali@gmail.com

কাউখালী উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : রফিকুল হক, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কাউখালী, গিরোজপুর।  
স্থান : সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাউখালী।  
তারিখ : ০১ অক্টোবর ২০১৯ খ্রি:

উপস্থিত ও অনুপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- “ক” ও “খ”তে সংযুক্ত।


সভায় উপস্থিত সদস্যবৃন্দকে সভাপতি মহোদয় কর্তৃক স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	ICT কমিটির সদস্যদের প্রশিক্ষণ সংক্রান্তঃ আইসিটি সেবা সরকারী, বেসরকারী, ব্যক্তিগত পর্যায়ে পৌছাতে হলে দক্ষ মানব সম্পদ দরকার। এর প্রেক্ষিতে গৌতম কুমার ঘোষ, প্রধান শিক্ষক, পূর্ব আমড়াছড়ি মাধ্যমিক বিদ্যালয় প্রস্তাব করেন প্রথমে কমিটি এর সদস্য ও দপ্তর প্রধানগণ দের IT বিষয়ক প্রশিক্ষণ এর দরকার।	ICT কমিটির সদস্যদের প্রশিক্ষণ এর জন্য ভ্যেনু হিসেবে কাউখালী সরকারী কে জি ইউনিয়ন উচ্চ বিদ্যালয় কে বাছাই করা হয় এবং সময় ও ব্যাপ্তিকাল সভাপতি মহোদয়ের সাথে আলোচনা পূর্বক নির্ধারণ করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার / সহকারী প্রোগ্রামার/ প্রধান শিক্ষক, কাউখালী সরকারী কে জি ইউনিয়ন উচ্চ বিদ্যালয়।
১.২	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করবে এবং এ বিষয়ে সহকারী প্রোগ্রামার তাদের প্রয়োজনীয় সার্পোর্ট দেবে এ মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	দপ্তর প্রধানগণ/ সহকারী প্রোগ্রামার/চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি
১.৩	ই-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্তঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার নিমিত্ত মাঠপর্যায় থেকে সকল অফিসের কার্যক্রম ই-নথি তে সম্পন্ন করা দরকার। উপজেলায় বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়, উপজেলা ভূমি কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয় লাইভ এ আছে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	উপজেলার অন্যান্য অফিসসমূহকে প্রশিক্ষণ পূর্বক লাইভে আনা হবে এ বিষয়ে সহকারী প্রোগ্রামার তাদের প্রয়োজনীয় সার্পোর্ট দেবে এ মর্মে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	দপ্তর প্রধানগণ/ সহকারী প্রোগ্রামার
১.৪	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রোগ্রামার জানান	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পরিদর্শনকালে সহকারী প্রোগ্রামার তাদের	

	যে, এই উপজেলা ০৪ (চার) টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে এবং কিছুদিন সবগুলো ল্যাব পরিদর্শন করা হয়েছে	প্রয়োজনীয় দিকনির্দেশনা দিবেন এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রশিক্ষণ প্রদান করবেন।	সহকারী প্রোগ্রামার/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
১.৫	উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠানঃ উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
রাফিকুল হক  
(রাফিকুল হক)

উপজেলা নির্বাহী অফিসার( ভারপ্রাপ্ত)

ও

সভাপতি


উপজেলা আইসিটি কমিটি  
কাউখালী, পিরোজপুর।

স্মারক নং : ৫৬.০৪.৭৯৮৭.০০১.০৬.০০২.১৯

তারিখ : ০১ অক্টোবর ২০১৯ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-০২
২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
২. জেলা প্রশাসক, পিরোজপুর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউখালী, পিরোজপুর।
৪. উপজেলা ..... অফিসার, কাউখালী, পিরোজপুর।
৫. চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, কাউখালী, পিরোজপুর।
৬. জনাব ..... কাউখালী, পিরোজপুর।

  
রাফিকুল হক  
(রাফিকুল হক)

উপজেলা নির্বাহী অফিসার( ভারপ্রাপ্ত)  
কাউখালী, পিরোজপুর।